ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



গোলাগুলির ঘটনায় জবানবন্দিতে যা বললেন সালমান খান

পৃঃ ৫

কোপাতে শুরুর একাদশেই মেসিকে চায় আর্জেন্টিনা

পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৬৭ ● কলকাতা ● ০৫ আষাঢ়, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২০ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## এবার নির্ধারিত দিনেই এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের দফতরে পৌঁছে গেলেন অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগেরবার হাজিরা এড়ালেও, এবার নির্ধারিত দিনেই এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের দফতরে পৌঁছে গেলেন অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত। বুধবার দুপুর ১ টা নাগাদ সিজিও কমপ্লেক্সে পৌঁছয় তাঁর গাড়ি। গাড়ি থেকে নেমে সোজা হেঁটে ইডি দফতরে প্রবেশ করেন ঋতুপর্ণা। সংবাদমাধ্যমের সামনে কোনও কথা বলেননি তিনি।ইডি-র দাবি, ঋতুপর্ণা ছাড়াও আরও ৫০ জন সুবিধাভোগীর কাছে গিয়েছে রেশন দুর্নীতির টাকা। তদন্তে ইডি-র নজরে রয়েছে সেই ৫০ জন। তদন্তকারীদের বক্তব্য, ভুয়ো কৃষক দেখিয়ে তাঁদের কাছেও পৌঁছেছে দুর্নীতির টাকা। উল্লেখ্য, এই দুর্নীতি মামলাতেই বর্তমানে জেলে রয়েছেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক।ইডি সূত্রের খবর, রেশ দুর্নীতি মামলায় এদিন তাঁকে জিজ্ঞাসাবাদ করা হবে।

এদিন ইডি দফতরে পৌঁছনোর আগে নিজের হিসাবরক্ষককে পাঠিয়ে দেন ঋতুপর্ণা। পরে আইনজীবীকে সঙ্গে নিয়ে নিজে হাজিরা দেন। ঠিক কী বিষয়ে তাঁকে প্রশ্ন করা হবে, তা স্পষ্ট না হলেও, জানা গিয়েছে ঋতুপর্ণার একটি সংস্থার নাম জড়িয়েছে রেশন দুর্নীতি মামলায়। দুর্নীতির টাকা নাকি সরাসরি ঢুকেছে ওই সংস্থার অ্যাকাউন্টে। কেন ওই টাকা নেওয়া হল, সে ব্যাপারেই প্রশ্নের মুখে পড়তে পারেন টলি অভিনেত্রী।

এর আগে ২০১৯ সালেও তলব করা হয়েছিল ঋতুপর্ণা সেনগুপ্তকে। তবে সেটা ছিল চিটফান্ড মামলা। রোজভ্যালি সংস্থার একাধিক অনুষ্ঠানে দেখা গিয়েছিল তাঁকে, প্রশ্ন উঠেছিল অভিনেত্রীর বিদেশ ভ্রমণের টাকা নিয়েও। সেই বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠানো হয়েছিল তাঁকে।

## অযোধ্যায় রামমন্দিরে আচমকা গুলি

# মৃত এসএসএফ জওয়ান



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** অযোধ্যায় রাম মন্দিরের নিরাপত্তায় মোতায়েন থাকা এক এসএসএফ জওয়ান গুলিবিদ্ধ হয়ে মারা যান। বুধবার ভোর ৫টা ২৫ মিনিটে কোটেশ্বর মন্দিরের সামনে ভিআইপি গেটের কাছে এ ঘটনাটি ঘটেছে। মৃত জওয়ানের নাম শত্রুঘ্ন বিশ্বকর্মা বয়স ২৫ বছর, তিনি আম্বেদকর নগরের বাসিন্দা বলে জানা গেছে। শত্রুঘ্ন বিশ্বকর্মা ২০১৯ ব্যাচের অন্তর্ভুক্ত ছিলেন। গুলির শব্দ শুনে সহকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে, তাঁরা শত্রুঘ্নকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন।আহত জওয়ানকে হাসপাতালের ট্রমা সেন্টারে রেফার করা হয়, কিন্তু সেখানে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।জওয়ানের মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে অযোধ্যা মন্দির চত্বরে। ঘটনাস্থলে পৌঁছন আইজি ও এসএসপি, ফরেন্সিক দলও ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে। আপাতত মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট আসার পর মৃত্যুর প্রকৃত কারণ স্পষ্ট হবে।মৃত জওয়ানের সহকর্মীরা সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে জানিয়েছেন, কয়েকদিন ধরে একটু আনমোনা ছিলেন জওয়ান। ঘটনার আগের মুহূর্ত অবধি শত্রুঘ্ন মোবাইলে তাকিয়ে ছিলেন। কিছু দিন ধরেই কিছু একটা নিয়ে মন খারাপও ছিল তার। এরপর আজ এই ঘটনা। তদন্তের স্বার্থে তাঁর মোবাইলটিও ফরেন্সিকে পাঠিয়েছে পুলিশ। গুলি চালানোর কারণ এখনও স্পষ্ট নয়। গোটা বিষয়টি নিয়ে তদন্তের নির্দেশ দিয়েছেন শীর্ষ আধিকারিকরা। প্রসঙ্গত উল্লেখ্য, রাম মন্দির উদ্বোধনের পর এই নিয়ে দ্বিতীয়বার এমন ঘটনা ঘটল।

## ১৭ টি দেশের সহযোগিতায়, প্রায় ৮০০ বছর পর আবার পথ চলা শুরু নালন্দা বিশ্ববিদ্যালয়ের



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** খ্রিস্টীয় পঞ্চম শতাব্দী থেকে আনুমানিক ১২০০ খ্রিস্টাব্দ পর্যন্ত নালন্দা মহাবিহার ছিল ভারতের একটি গুরুত্বপূর্ণ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান যা বিশ্বের সবচেয়ে প্রাচীন বিশ্ববিদ্যালয়। এই প্রতিষ্ঠানটি কে ইতিহাসবিদ গণ বিশ্বের প্রাচীন বিশ্ববিদ্যালয় হিসেবে চিহ্নিত করে থাকেন। বর্তমানে এটি একটি ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী স্থান। ১৭ টি দেশের সহযোগিতায়, তৈরি রাজগীরের কাছে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উদ্বোধনী অনুষ্ঠানে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, বিহারের রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেকর, মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এবং ১৭টি দেশের রাষ্ট্রদূতরা উপস্থিত ছিলেন। এই সময় তিনি বলেন , "আমি তৃতীয় মেয়াদে শপথ নেওয়ার প্রথম ১০ দিনের মধ্যে নালন্দা দেখার সুযোগ পেয়েছি। এটা শুধু আমার সৌভাগ্যই নয়, আমি এটাকে ভারতের উন্নয়ন যাত্রার একটি শুভ লক্ষণ হিসেবেও দেখি। নালন্দা নাম নয়, পরিচয় ও গর্বের।" তিনি আরো বলেন এটি একটি স্বর্ণযুগের সূচনা। আমরা সবাই জানি যে, নালন্দা একসময় ভারতের ঐতিহ্য ও পরিচয়ের প্রাণবন্ত কেন্দ্র ছিল। এটাই ভারতের শিক্ষার মূল বিষয়। শিক্ষাই আমাদের রূপ দেয়, ধারণা দেয়। প্রাচীন নালন্দায় শিশুদের প্রবেশ তাদের পরিচয়, তাদের জাতীয়তার ভিত্তিতে ছিল না। প্রতিটি দেশের প্রতিটি শ্রেণী থেকে তরুণরা এখানে পড়াশোনা করত।

প্রাচীন কালে সারা বিশ্বে শিক্ষার একটি প্রধান কেন্দ্র হিসাবে পরিচিত নালন্দা বিশ্ববিদ্যালয়। প্রায় ৮০০ বছর পর আবার প্রাণ প্রতিষ্ঠা হল সেই নালন্দার। নালন্দা ছিল প্রাচীন ভারতের মগধ রাজ্যে অবস্থিত একটি খ্যাতনামা মহাবিহার। এটি বিহারের রাজধানী পাটনা শহরের ৯৫ কিলোমিটার দক্ষিণপূর্বে অবস্থিত।







# নদী না ময়লার স্তূপ বোঝা দায়!

## লাগাতার আবর্জনা ফেলে নদী বুজিয়ে ফেলার পাশাপাশি দূষিত করার অভিযোগ



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন** : মালবাজার পৌরসভার যে সমস্ত নোংরা ফেলার গাড়ি, ঠেলা গাড়ি রয়েছে সেগুলিতে করে ময়লা আবর্জনা নিয়ে এসে দীর্ঘদিন থেকে মাল নদীতে ফেলা হচ্ছিল। নদীতেই দীর্ঘদিন ধরে নোংরা আর্বজনা ও নির্মাণ সামগ্রী ফেলার ফলে একদিকে যেমন নদীর গতিপথ অবরুদ্ধ হচ্ছে, ঠিক তেমনই ছড়াচ্ছে দূষণ। যার জেরে ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা।

পুরসভার সমস্ত ময়লা ফেলার গাড়িতে করে এতটাই পরিমাণে ফেলা হয়েছে গত কয়েকদিনে যে নদীর গতিপথ অবরুদ্ধ হতে বসেছে। পাশাপাশি নদীতে ফেলা নোংরা আবর্জনা ও পচা দুর্গন্ধের জেরে বসবাস করা দুর্বিষহ হয়ে উঠেছে।

তবে গোটা বিষয় নিয়ে মাল পুরসভার তরফে কোনরকম প্রতিক্রিয়া না মেলায় একটা সংশয় থেকেই যায়। এত বছর ধরে যখন নদীতে এভাবে নোংরা আবর্জনা ফেলা হচ্ছে সে জায়গায় দাঁড়িয়ে খবর সম্প্রচারের পর কতটাই বা তৎপরতা দেখাবে প্রশাসন। এখন শুধু সময়ের অপেক্ষা।

# টানা তাপপ্রবাহে নয়াদিল্লিতে দুই দিনে ৫ জনের মৃত্যু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : তাপপ্রবাহ থামার কোনো লক্ষণই নেই ভারতের নয়াদিল্লিতে। গরমের জেরে অসুস্থ হয়ে দুই দিনে মৃত্যু হয়েছে পাঁচজনের। রামমনোহর লোহিয়া হাসপাতালে ভর্তি আরও ১২ জন। তাদের সকলকে লাইফ সাপোর্টে রাখা হয়েছে বলে হাসপাতাল সূত্রে খবর। শুধু রামমনোহর লোহিয়া হাসপাতালই নয়, হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে নয়াদিল্লির অন্য হাসপাতালগুলোতেও ভর্তির সংখ্যা বাড়ছে।

সংবাদমাধ্যমকে এক সরকারি হাসপাতালের সুপার চিকিৎসক অজয় শুক্ল জানিয়েছেন, হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ২২ জন। পাঁচ জনের মৃত্যু হয়েছে। ১২-১৩ জনকে ভেন্টিলেশনে রাখা হয়েছে।

তিনি আরও জানান, হিট স্ট্রোকে মৃত্যুর সংখ্যা বাড়ছে। ৬০-৭০ শতাংশ বেড়েছে বলেই দাবি শুক্লর। তার কথায়, "যদি এই ধরনের কোনও রোগীকে হাসপাতালে দেরিতে আনা হয়, একের পর এক অঙ্গ বিকল হতে শুরু করবে। এই বিষয়ে সচেতনতার অভাব রয়েছে। তা ছাড়াও হিট স্ট্রোকের লক্ষণগুলো অনেক সময় ঠিকভাবে ধরতে পারেন না অনেকে। ফলে বিপত্তি আরও বাড়ে।"

দেশটির আবহাওয়া অফিস জানিয়েছে, এখনই এই পরিস্থিতি থেকে মুক্তি পাওয়া যাবে না। উত্তর ভারতের বেশির ভাগ অংশে তাপপ্রবাহ জারি থাকবে আগামী ২৪ ঘণ্টা। তারপর পরিস্থিতি কিছুটা পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। গত এক মাসেরও বেশি সময় ধরে গরমে পুড়ছে দিল্লিসহ উত্তর ভারতের একাংশ। শুধু গরমই নয়, এর সঙ্গে পাল্লা দিয়ে চলছে তাপপ্রবাহ। দিল্লি, পাঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশের কোথাও কোথাও তাপমাত্রা ৪৫ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে গেছে। এই পরিস্থিতিতে গরমে অসুস্থ হওয়ার সংখ্যাও বাড়ছে। হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে মৃত্যুও হয়েছে অনেকের।

# ১০ জুলাই রাজ্য বিধানসভা কেন্দ্রে

## উপনির্বাচনের প্রার্থী ঘোষণা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যে ফের ভোট। আগামী ১০ জুলাই রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন। তার আগে প্রার্থী তালিকা ঘোষণা করল তৃণমূল। শুক্রবার সকালে তৃণমূল কংগ্রেসের অফিসিয়াল এক্স হ্যান্ডলে প্রার্থীর নাম জানানো হয়। মানিকতলায় টিকিট পেলেন সুপ্তি পাণ্ডে। বাগদায় প্রার্থী মধুপর্ণা ঠাকুর, রায়গঞ্জে কৃষ্ণ কল্যাণী, রানাঘাট দক্ষিণে মুকুটমণি অধিকারী। বাগদার বিধায়ক বিশ্বজিৎ দাস দলবদল করে লোকসভা নির্বাচনে তৃণমূলের হয়ে লড়াই করেন। সে কারণে বিধায়ক পদ থেকে ইস্তফা দেন। তাই বিধায়কশূন্য বাগদাতেও আগামী ১০ জুলাই ভোটাভুটি। সেখানে তৃণমূল প্রার্থী মধুপর্ণা ঠাকুর। তিনি সম্পর্কে মমতাবালা ঠাকুরের মেয়ে। সম্প্রতি ঠাকুরবাড়ির বড়মা বীণাপাণি দেবীর ঘর দখলের অভিযোগ ওঠে শান্তনু ঠাকুরের বিরুদ্ধে। সেই সময় মায়ের সঙ্গে অনশনেও বসেছিলেন মধুপর্ণা। বাংলায় বিপুল সবুজ ঝড়ের মাঝেও লোকসভা নির্বাচনে বনগাঁ কেন্দ্রে তেমন ভালো ফল হয়নি তৃণমূলের। এই পরিস্থিতিতে মতুয়াগড় হিসাবে পরিচিত বাগদায় ঠাকুরবাড়ির মেয়েকে প্রার্থী করা কৌশলী চাল বলেই মনে করছে ওয়াকিবহাল মহল। তবে প্রার্থীতালিকায় নিঃসন্দেহে বাগদার প্রার্থী মধুপর্ণাই যে বড় চমক, সে বিষয়ে কোনও সন্দেহ নেই।

এরপর বাকি তিন কেন্দ্রের বিধানসভা উপনির্বাচনে প্রার্থী কারা হতে পারেন তা নিয়ে জল্পনা ছিল তুঙ্গে। যেমন মানিকতলার ক্ষেত্রে সুপ্তি পাণ্ডেই যে টিকিট পাবেন তা ভোটের উপর নিশ্চিতই ছিল। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে প্রয়াত হন সাধন পাণ্ডে। তিনি ছিলেন মানিকতলার বিধায়ক। তার পর থেকেই মানিকতলা বিধায়কহীন। ২০২১ সালের ভোটে মানিকতলায় সাধন পান্ডের বিরুদ্ধে লড়াই করেছিলেন বিজেপির কল্যাণ চৌবে। কল্যাণের দায়ের করা একটি মামলার জন্য মানিকতলায় উপনির্বাচন করা যাচ্ছিল না সম্প্রতি সেই মামলা খারিজ করে দেয় আদালত। সেই আদালত নির্দেশে উপনির্বাচন। সেখানে তৃণমূলের প্রার্থীতালিকা ঘোষণার পর সেই জল্পনাতেই সিলমোহর। সাধন জায়া সুপ্তিকেই সেখানে প্রার্থী হিসাবে বেছে নেওয়া হয়েছে। তৃণমূলের তরফে জানানো হয়েছে, রায়গঞ্জে ফের টিকিট দেওয়া হয়েছে কৃষ্ণ কল্যাণীকে। গত বিধানসভা নির্বাচনে ওই কেন্দ্র থেকে বিজেপির টিকিটে লড়েন তিনি। এরপর অবশ্য দলত্যাগ করেন। তৃণমূলে যোগ দেন কৃষ্ণ কল্যাণী। লোকসভা নির্বাচনে তাঁকে প্রার্থীও করে তৃণমূল। বিধায়ক পদ থেকে ইস্তফা দেন কৃষ্ণ। যদিও লোকসভা নির্বাচনে তেমন কিছু করতে পারেননি কৃষ্ণ। পরিবর্তে বিজেপি প্রার্থীর কাছে হেরে যান। এবার ফের কৃষ্ণতেই আস্থা শাসক শিবিরের। রানাঘাট দক্ষিণেও একইভাবে 'দলবদলু' মুকুটমণি অধিকারীর উপরেই আস্থা রেখেছে শাসক শিবির। গত বিধানসভা নির্বাচনে বিজেপির টিকিট রানাঘাট দক্ষিণে ভোটে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন মুকুটমণি। সেখানে তাঁর হাত ধরে ফোটে পদ্ম। তবে সম্প্রতি দলবদল করেন। মুকুটমণি তৃণমূলে নাম লেখান। লোকসভা নির্বাচনে তাঁকে প্রার্থীও করা হয়। তবে বিজেপি প্রার্থীর কাছে হেরে যান মুকুটমণি। হেরে যাওয়ার পরেও তাঁর উপরেই আস্থা রাখল ঘাসফুল শিবির। বিধানসভা উপনির্বাচনেও মুকুটমণিকেই টিকিট দিল তৃণমূল। রাজ্যে ফের উপনির্বাচনের উষ্ণ গতি কোন দিকে যায় সেদিন তাকিয়ে রাজনৈতিক মহলের একাংশ।

# কার্যকর হল ডাক ঘর আইন ২০২৩

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : "ডাক ঘর আইন ২০২৩" রাজ্যসভায় ১০.০৮.২০২৩ তারিখে পেশ করা হয়েছিল এবং বিলটি ০৪.১২.২০২৩ তারিখে রাজ্যসভায় অনুমোদিত হয়। বিলটি লোকসভায় পেশ করা হয়েছিল ১৩.১২.২০২৩ তারিখে এবং ১৮.১২.২০২৩ তারিখে তা অনুমোদিত হয়।

২৪ ডিসেম্বর, ২০২৩ তারিখে বিলটি অনুমোদন করেন রাষ্ট্রপতি। এই আইনের লক্ষ্য হল, নাগরিক কেন্দ্রিক পরিষেবা, ব্যাঙ্কিং পরিষেবা এবং সরকারি অন্যান্য প্রকল্পের সুবিধার ক্ষেত্রকে আরও সহজ করা। এই আইনে কোনো শাস্তির বিধান রাখা হয়নি। এতে চিঠিপত্র সংগ্রহ, বাছাই এবং বিলির ক্ষেত্রে বিশেষ কিছু ব্যবস্থা রাখা হয়েছে। ১৭ জুন, ২০২৪ তারিখে জারি করা এক বিজ্ঞপ্তিতে আজ অর্থাৎ ১৮ জুন থেকে আইনটি কার্যকর করার কথা বলা হয়েছে।

# শশাঙ্কাসনের একটি ভিডিও

## ভাগ করে নিলেন প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ১৯ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী শশাঙ্কাসন (খরগোশের ভঙ্গিমা)-এর একটি ভিডিও সকলের সঙ্গে ভাগ করে নিয়েছেন। এটি কোষ্ঠকাঠিন্য দূর করতে সহায়তা করে এবং হজম শক্তির উন্নতি ঘটায়।

এই আসনটি পিঠের ব্যথা থেকেও মুক্তি দেয়। যাঁদের উচ্চ রক্তচাপ রয়েছে, এই আসন অনুশীলনের সময় তাঁদের সতর্ক থাকা উচিত।

আন্তর্জাতিক যোগ দিবসের দশম পর্ব উপলক্ষে ভাগ করে নেওয়া এই ভিডিওয় আসনটির ভঙ্গিমা বিস্তারিতভাবে ইংরেজি ও হিন্দিতে তুলে ধরা হয়েছে।

# নতুন চুক্তি স্বাক্ষর করলেন পুতিন-কিম




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এখন উত্তর কোরিয়ায় অবস্থান করছেন। রুশ সংবাদমাধ্যম আরআইএ জানিয়েছে, দুই নেতা একটি সমন্বিত কৌশলগত অংশীদারিত্ব চুক্তি স্বাক্ষর করেছেন। তবে চুক্তিতে কী আছে তা এখনও বিস্তারিত জানা যায়নি।

পুতিনের উপদেষ্টা ইউরি উশাকভ গতকাল রুশ গণমাধ্যমকে জানান, একটি চুক্তি স্বাক্ষরিত হতে পারে, যার মধ্যে নিরাপত্তা ইস্যুও থাকতে পারে।

এদিকে পুতিন এই সফরে আবারও যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের আক্রমণ করেছেন। কিমের সাথে আলোচনার শুরুতে 'আধিপত্যবাদী ও সাম্রাজ্যবাদী নীতির' বিরুদ্ধে লড়াই করার প্রতিশ্রুতি দিয়েছেন পুতিন। রাশিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, এটি পুতিনের পূর্ববর্তী

এরপর ৪ পাতায়







# প্রশিক্ষণ শিবির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন বিভাগের STARPARD এর উদ্যোগে শুরু হল জেলা সম্পদ কর্মী । প্রশিক্ষক গণের তিন দিনের একটি প্রশিক্ষণ শিবির । দক্ষিণ চব্বিশ পরগনার বারুইপুর স্থিত ডিস্ট্রিক্ট পঞ্চায়েত ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার এ (DPTRC ) এই প্রশিক্ষণের উদ্বোধন করেন বিধানসভার মাননীয় অধ্যক্ষ শ্রী বিমান বন্দ্যোপাধ্যায় মহাশয়। তৎসহ উপস্থিত ছিলেন শ্রী সুমিত গুপ্তা , আই. এ. এস, জেলা শাসক দক্ষিণ ২৪ পরগনা , শ্রীমতি নীলিমা বিশাল মিস্ত্রি, সভাধিপতি, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ, শ্রী বিশ্বজিৎ দত্ত, কমিশনার, পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগ, শ্রী শ্রীমন্ত মালি , সহকারি সভাধিপতি , দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ প্রমূখ ।

উদ্বোধনী ভাষণে শ্রী বিমান বন্দ্যোপাধ্যায় জানান যে সংবিধানের ১১ নম্বর তফসিলে পঞ্চায়েত কে যে প্রভূত দায়িত্ব অর্পণ করা হয়েছে তার সঠিক রুপায়নের জন্য জনপ্রতিনিধি গনের এবং সরকারি কর্মচারীবৃন্দের। যথাযথ প্রশিক্ষণের প্রয়োজন। তিনি আশা করেন আগত প্রশিক্ষকগণ সঠিকভাবে প্রশিক্ষণ গ্রহণ করে নিজে নিজে জেলায় উন্নয়নের ধারা ত্বরান্বিত করবেন।

প্রসঙ্গত উল্লেখ্য, ছটি ব্যাচে রাজ্যের সমস্ত জেলার প্রশিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে, তার মধ্যে চারটি ব্যাচে ১৬ টি জেলার ২২১ জনকে ডিপিটিআরসি বারুইপুর থেকে প্রশিক্ষিত করা হবে।

# ২০-২১ জুন জম্মু-কাশ্মীর পরিদর্শন প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি, ১৯ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামী ২০ ও ২১ জুন জম্মু-কাশ্মীর সফরে যাচ্ছেন।

২০ জুন সন্ধে ৬টা নাগাদ শ্রীনগরের শের-ই-কাশ্মীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'তরুণদের ক্ষমতায়ন, জম্মু ও কাশ্মীরের পরিবর্তন' শীর্ষক এক অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। জম্মু-কাশ্মীরে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী।

২১ জুন সকাল সাড়ে ৬টায় শ্রীনগরে এসকেআইসিসি-তে দশম আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন তিনি। এই উপলক্ষে আয়োজিত এক সমাবেশেও প্রধানমন্ত্রী বক্তব্য রাখবেন।

প্রধানমন্ত্রী ১৫০০ কোটি

এরপর ৩ পাতায়

# বিয়ে করতে চলেছেন সানিয়া মির্জা এবং শামি আহমেদ - সত্যি না গুজব?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের টেনিস রানী সানিয়া মির্জা এবং ক্রিকেট নক্ষত্র শামি আহমেদ বিবাহ বন্ধনে আবদ্ধ হতে চলেছেন এমন একটি গুজব চারিদিকে ছড়িয়ে পড়েছে। এই খবরের সত্যতা নিয়ে অবশ্য সন্দেহ আছে।

সানিয়া মির্জা অথবা শামি আহমেদ কেউ এই সংক্রান্ত বিষয় কোন মন্তব্য করেননি। ২০১০ সালে সানিয়া মির্জা হায়দ্রাবাদে নিকাহ করেছিলেন পাকিস্তান ক্রিকেট তারকা শোয়েব মালিককে এবং বিবাহ পরবর্তী সময়ে দুবাইতে বসবাস করছিলেন। পরবর্তী সময়ে এই দুজনের ডিভোর্স হয় এবং শোয়েব মালিক নিকাহ করেন পাকিস্তানের এক অভিনেত্রীকে।

অপরদিকে ২০১৮ সাল থেকে শামি এবং তার স্ত্রী হাসিন জাহান আলাদা থাকতে শুরু করেন। শামি আহমেদ এর বিরুদ্ধে হাসিন জাহানের অভিযোগ ছিল শারীরিক নির্যাতনের। ২০২৩ সালে আদালতের নির্দেশ আসে চার বছর প্রতি মাসে ৫০০০০ টাকা করে খোরপোস দিতে হবে শামিকে।

এই দুই তারকার বিয়ের খবরের গুজব ছড়িয়ে পড়ে এই বছরের জানুয়ারি মাসে। কোন কোন সংবাদমাধ্যমে তাদের ছবিও বেরিয়ে যায় এই দাবি করে যে তাদের আংটি বদল হয়ে গেছে। তবে মনে হয় এই সবকিছুই সত্য ঘটনা থেকে কয়েক যোজন দূরে তার কারণ এই দুই তারকার পারস্পরিক সম্পর্কের কোন প্রমাণ কেউ দেখাতে পারেননি এমনকি এই দুই তারকা তাদের সম্পর্ক নিয়েও কোন মন্তব্য করেননি।

# বারাণসী সফরে প্রধানমন্ত্রী কাশী বিশ্বনাথ দর্শন



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** মঙ্গলবার তিনি বারাণসী পৌঁছেই কাশী বিশ্বনাথ দর্শনে যান। তারপর রাত আটটা নাগাদ তিনি কাশী বাবা বিশ্বনাথের মন্দিরে পুজো দেন। তৃতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পর প্রথমবারের মতো বিশ্বনাথের মন্দিরে গেলেন প্রধানমন্ত্রী মোদী। তাঁর সঙ্গে ছিলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। প্রধানমন্ত্রী সেখানে ষোড়শপচার পদ্ধতিতে পুজো করেন। শুধু দেশের প্রধানমন্ত্রী হিসাবেই তিনি পর পর তৃতীয়বার মসনদে বসেছেন তা ছাড়াও বারাণসীর সাংসদ হিসাবেও মোদী জিতেছেন পর পর লোকসভা ভোটযুদ্ধে। এবার সেই বারণসী কেন্দ্রের তৃতীয়বারের সাংসদ হয়ে এলেন মোদী। তিনি বলেন, মা গঙ্গা তাঁকে দত্তক নিয়েছেন, তিনি স্থানীয়! তৃতীয়বার জয়ের পরে প্রথমবার বারাণসী সফরে আর কী বললেন মোদী!দশাশ্বমেধ ঘাটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ছাড়াও ছিলেন রাজ্যপাল।

তৃতীয়বার জয়ের পরে প্রথম বারাণসী সফরে প্রধানমন্ত্রী মোদী বলেন, সাধারণের স্বপ্ন আর সিদ্ধান্তগুলি পূরণ করতে তিনি দিনরাত পরিশ্রম করবেন। প্রধানমন্ত্রী বলেন, তিনি কৃষক, যুবক, মহিলা ও দরিদ্রদের উন্নত ভারতের শক্তিশালী স্তম্ভ হিসেবে বিবেচনা করেন। তিনি বলেন, কিষাণ সম্মাননিধির সম্প্রসারণ হোক কিংবা দেশের গরিব পরিবারগুলির জন্য তিন কোটি নতুন বাড়ি, উন্নত ভারতের পথকে শক্তিশালী করতে সাহায্য করবে।

১৮ তম লোকসভা নির্বাচন বিশ্বের সামনে ভারতের গণতন্ত্রের বিশালতা, ভারতের গণতন্ত্রের শক্তি, প্রশস্ততা ও শিকড়ের গভীরতা উপস্থাপন করবে। এই নির্বাচনে দেশের জনগণ যে ম্যান্ডেট দিয়েছে তা সত্যিই নজিরবিহীন বলেও মন্তব্য করেছেন তিনি। এই জনাদেশ নতুন ইতিহাস সৃষ্টি করেছে, বলেছেন তিনি। প্রধানমন্ত্রী বলেছেন, বিশ্বের গণতান্ত্রিক দেশগুলিতে খুব কমই দেখা গিয়েছে, একটি নির্বাচিত সরকার টানা তৃতীয়বার ক্ষমতায় ফিরে এসেছে। তিনি বলেছেন এবার যা হয়েছে, তা ৬০ বছর আগে হয়েছিল।প্রধানমন্ত্রী বলেন, কাশী ছিল সংস্কৃতির রাজধানী, জ্ঞানের রাজধানী। এই সব কিছু পাশাপাশি কাশী এমন একটি শহরে পরিণত হয়েছে, যাকে হেরিটেজ সিটিও বলা যেতে পারে। তিনি বলেন, কাশীতে সর্বত্রই দেখা যাচ্ছে ঐতিহ্যের পাশাপাশি উন্নয়নের মন্ত্র।

২ পাতার পর

# ২০-২১ জুন জম্মু-কাশ্মীর পরিদর্শন প্রধানমন্ত্রীর

টাকারও বেশি ৮৪টি প্রধান উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে সড়ক পরিকাঠামো, জল সরবরাহ, উচ্চ শিক্ষার পরিকাঠামো প্রভৃতি। এছাড়া প্রধানমন্ত্রী ৬টি সরকারি ডিগ্রি কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

প্রধানমন্ত্রী ১৮০০ কোটি টাকার 'কম্পিটিটিভনেস ইনপ্রুভমেন্ট ইন এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড সেক্টর' প্রকল্পের সূচনা করবেন। জম্মু-কাশ্মীরের ১২টি জেলার ৯০টি ব্লকে এই প্রকল্প রূপায়িত হবে এবং ৩ লক্ষ পরিবারের ১৫ লক্ষ মানুষ উপকৃত হবেন। ২০০০-এর বেশি ব্যক্তির হাতে সরকারি নিয়োগ পত্রও তুলে দেবেনশ্রীমোদী।

২০১৫ সাল থেকে প্রধানমন্ত্রী বিভিন্ন গুরুত্বপূর্ণ কেন্দ্রে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করে আসছেন। এর মধ্যে রয়েছে দিল্লির কর্তব্য পথ, চণ্ডীগড়, দেরাদুন, রাঁচি, লক্ষ্ণৌ, মাইসুরু এমনকি রাষ্ট্রসঙ্ঘের সদর দপ্তরও। এ বছরের যোগের বিষয়বস্তু হলো "নিজের এবং সমাজের জন্য যোগ।"

# আসন্ন নির্বাচনে অবৈধ অর্থের অপব্যবহার রুখতে আয়কর দফতরের সক্রিয় প্রয়াস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উত্তপ্ত বিজেপি শাসিত রাজ্য মণিপুরে বাস ভর্তি জওয়ানদের পুড়িয়ে মারার ছক। বাসটি সিআরপিএফ রক্ষীদের নিয়ে যাওয়ার সময় হামলা চালানো হয়। বাসটিকে ঘিরে তাতে আগুন ধরানো হয়। এই অগ্নিগর্ভ পরিস্থিতিতে তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এই ঘটনায় আবার নতুন করে অশান্ত হয়ে উঠল মণিপুরের কাংপোকপি। সিআরপিএফের এই বাস জ্বালিয়ে দিয়েছে একদল বিক্ষুব্ধ জনতা। যদিও এই ঘটনায় কারও প্রাণহানি ঘটেনি। কেউ আহত হননি বলে সূত্রের খবর। কিন্তু এই ঘটনা কারা ঘটাল তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। অজ্ঞাতপরিচয়দের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।এদিকে এবার মণিপুর ইস্যুতে উচ্চপর্যায়ের বৈঠক করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সোমবার নয়াদিল্লিতে অফিসারদের সঙ্গে এই বৈঠকে হিংসায় যারা মদত দিয়েছেন তাঁদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। এই বিষয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানান যে মেইতেই এবং কুকিদুই সম্প্রদায়ের সঙ্গেই খুব শীঘ্রই বৈঠক করবেন তিনি। আর তার মধ্যেই এমন ভয়ঙ্কর ঘটনা ঘটে গেল। জাতিগত সংঘর্ষে রক্তাক্ত মণিপুর। তার মধ্যে মণিপুরের অভ্যন্তরীণ পরিস্থিতি সে রাজ্যের সরকারের নিয়ন্ত্রণে নেই বলে অভিযোগ রয়েছে। কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের বাসে এই হামলার ঘটনা ঘটেছে সংঘর্ষ কবলিত কাংপোকপি এলাকায়। অন্যদিকে পুলিশ সূত্রে খবর যে সোমবার রাতে কাংপোকপিতে ঢুকেছিল সিআরপিএফ জওয়ানদের একটি বাস। তখন বাসটিকে আটকে একদল লোক জওয়ানদের বাস থেকে নেমে যেতে বলেন। এরপর সিআরপিএফ জওয়ানেরা বাস থেকে নামতেই তাতে আগুন ধরিয়ে দেওয়া হয়। কাংপোকপি কুকি অধ্যুষিত জেলা বলেই পরিচিত। যে বাসে আগুন ধরানো হয়েছে সেটির মালিক মেইতেই সম্প্রদায়ের। বাসটি মেইতেই সম্প্রদায়ের হওয়ায় কুকি অধ্যুষিত এলাকাতে ঢুকতেই হামলা চালানো হয়। বেশ কয়েকজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। জওয়ানদের বাসে আগুন ধরানোর খবর পেয়ে পুলিশ কর্মকর্তারা ঘটনাস্থলে গেলে রাস্তা অবরোধ করা হয়। পরে অবরোধ সরিয়ে পুলিশ উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করে দেয়। পুলিশের প্রাথমিক অনুমান যে বাসে আগুন ধরিয়ে জওয়ানদের পুড়িয়ে মারা ছক ছিল।এছাড়া গত সপ্তাহে এই রাজ্যের বিষ্ণুপুরে দুটি ট্রাক জ্বালিয়ে দেওয়া হয়েছিল। এই বিষ্ণুপুর জেলা আবার মেইতেই অধ্যুষিত। তারই বদলা কুকিরা নিল বলে মনে করা হচ্ছে। গত এক বছরের বেশি সময় ধরে মণিপুর অশান্ত রয়েছে। জাতিগত সংঘর্ষে শতাধিক নিহত হয়েছেন। কদিন আগেই মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের নিরাপত্তায় মোতায়েন থাকা টহলদার বাহিনী আক্রান্ত হয়েছে। মণিপুর ইস্যুকে অগ্রাধিকার দিতে হবে বলে লোকসভা নির্বাচন মিটতেই বার্তা দিয়েছিলেন আরএসএস প্রধান মোহন ভাগবত। আর যাতে কোনও হিংসার ঘটনা না ঘটে সেটা নিশ্চিত করতে বলেন শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানান যে প্রয়োজনে মণিপুরে আরও কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। তারপরই কেন ঘটল এই রকম ঘটনা। প্রতিহিংসার জেরেই কি এমন ঘটনা বলে মনে করেন রাজনৈতিক মহলের একাংশ।






ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৬৭ সংখ্যা ২০ জুন, ২০২৪ বৃহস্পতিবার ০৫ আষাঢ়, ১৪৩১

## সম্পাদকীয়

### আমি বিশ্বাস করি যে নালন্দা সারা বিশ্বের প্রেক্ষাপটে একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হয়ে উঠবে

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বিহারের রাজগীরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন চত্ত্বরের উদ্বোধন করলেন। এই বিশ্ববিদ্যালয় ভারত এবং পূর্ব এশিয়া শিখর সম্মেলনে যোগদানকারী দেশগুলির যৌথ উদ্যোগে তৈরি হয়ে উঠেছে। ১৭টি দেশের দূতাবাস প্রধান এবং নানা ক্ষেত্রের বিশিষ্টজনেরা উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন। প্রধানমন্ত্রী একটি চারাগাছ রোপণও করেন।

ভাষণে প্রধানমন্ত্রী বলেন, তৃতীয়বার প্রধানমন্ত্রী পদে আসীন হওয়ার ১০ দিনের মধ্যেই নালন্দায় আসতে পেরে তিনি নিজেকে সৌভাগ্যবান মনে করছেন। ভারতের বিকাশ যাত্রায় এ এক বড় সুলক্ষণ। নালন্দা শুধুমাত্র একটি নাম নয়, তা হল একটি মন্ত্র। নতুন নালন্দা বিশ্ববিদ্যালয় ভারতের স্বর্ণ যুগের সূচনা করবে।

প্রাচীন ধ্বংসাবশেষের কাছাকাছি নতুন করে গড়ে ওঠা নালন্দা বিশ্ববিদ্যালয় মানবিক মূল্যবোধ এবং নতুন বিশ্ব গঠনের বার্তা দেয়। প্রধানমন্ত্রী আরও বলেন, নালন্দা সারা বিশ্ব, এশিয়া এবং বহু দেশের ঐতিহ্যের প্রতীক। সেজন্যই এই উদ্বোধনী সমারোহে বিভিন্ন দেশের প্রতিনিধিরা যোগ দিয়েছেন। নালন্দার হৃত গৌরব পুনরুদ্ধারে বিহারের মানুষের সদিচ্ছা ও উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

প্রাচীনকালে ভারতের সংস্কৃতি এবং ঐতিহ্যের গুরুত্বপূর্ণ কেন্দ্র ছিল নালন্দা- এ কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, নালন্দা কথাটির অর্থ হল জ্ঞান ও শিক্ষার ধারাবাহিক প্রবাহ- যা শিক্ষার ক্ষেত্রে ভারতের ভাবধারাকেই তুলে ধরে। শিক্ষার দর্শন কোনো সীমা মানে না। তার ভিত্তি মানবিক মূল্যবোধ ও চেতনায়। প্রাচীনকালে নালন্দা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী হিসেবে যোগ দিতেন বিভিন্ন দেশের মানুষ। নতুন নালন্দা বিশ্ববিদ্যালয়েও সেই ধারা বজায় থাকবে বলে তিনি আশাবাদী। ২০টিরও বেশি দেশের পড়ুয়ারা নালন্দা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করছেন- বসুধৈব কুটুম্বকম্ মন্ত্রকে তুলে ধরে।

প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় ভাবাধারা শিক্ষাকে মানবিক মূল্যবোধের দৃষ্টিকোন থেকে বিচার করে। আন্তর্জাতিক যোগ দিবস সারা বিশ্বের আঙিনায় প্রাসঙ্গিক হয়ে উঠেছে। ভারতের আর্য়ুবেদ সম্পর্কেও একই কথা প্রযোজ্য। মিশন লাইফ এবং আন্তর্জাতিক সৌর জোটের কথা উঠে আসে প্রধানমন্ত্রীর বক্তব্যে। পরিবেশ সংরক্ষণে নালন্দা বিশ্ববিদ্যালয় যে ভূমিকা নিয়েছে তা গুরুত্বপূর্ণ বলে তিনি মনে করেন।

২০৪৭ নাগাদ ভারত উন্নত দেশ হয়ে উঠতে চায় এবং সেদিকে লক্ষ্য রেখেই শিক্ষা ব্যবস্থায় প্রয়োজনীয় পরিবর্তন আনা হচ্ছে বলে প্রধানমন্ত্রী জানান। আগামীদিনে ভারত আবারও সারা বিশ্বের অন্যতম জ্ঞানকেন্দ্র হয়ে উঠবে বলে প্রধানমন্ত্রী আশাবাদী। এ প্রসঙ্গে তিনি অটল টিঙ্কারিং ল্যাব কিংবা চন্দ্রযান ও গগনযান প্রকল্পের উল্লেখ করেন। তুলে ধরেন ভারতের প্রাণবন্ত স্টার্টআপ পরিমন্ডলের কথা।

বিশ্ব তালিকায় ভারতের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলি ক্রমাগত নিজেদের অবস্থান আরও উন্নত করছে বলে মনে করিয়ে দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদেশে যুব সমাজ সারা বিশ্বে সম্ভ্রম আদায় করে নিয়েছে বলে তাঁর মন্তব্য।

অমৃতকালের আগামী ২৫ বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আবারও জানিয়ে প্রধানমন্ত্রী নালন্দার আদর্শ অনুসরণ করে এগোনোর কথা বলেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিহারের রাজ্যপাল শ্রী রাজেন্দ্র আরলেকর, মুখ্যমন্ত্রী শ্রী নীতীশ কুমার, বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য অধ্যাপক অরবিন্দ পানাগরিয়া প্রমুখ।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

লোকে যা বলে বলুক। শুধু আপনি কথা দেন - বারদী ছেড়ে কোথাও যাবেন না"।ডেঙ্গুর সাথে বাবা লোকনাথ চলে আসেন বারদী। ছোট ছোট ছেলেরা বাবাকে পাগল ভেবে; পাথর মারতে থাকে। ডেঙ্গুর পরিবারে বাবাকে নিয়ে শুরু হয় অশান্তি। বারদীর ধনী জমিদার নাগ-পরিবার; তারা বাবাকে তাদের বাড়িতে নিয়ে আসার চেষ্টা করেন। কিন্তু বাবা থাকার জায়গা বেছে নেন; ছাওয়াল বাঘিনীর নদীর পাড়ের শ্মশানভূমি।ঘন জঙ্গলে ঘেরা এই শ্মশানভূমি। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ন্যায় কর্মফল দাতা শনি দেব



মৃত্যুঞ্জয় সরদার

(তৃতীয় পর্ব)

পত্র-পত্রিকা রাতের মধ্যে পড়ে শেষ করতে হলো।শনিদেব আসলে কে এটা নিয়ে আজ আমার কলমে আপনাদের সামনে তুলে ধরছি।সৌর মণ্ডলে স্থিত পৃথিবী থেকে ৮৯০০০০০০ মাইল দূরে অবস্থিত এবং সূর্য থেকে এর দুরত্ব ৮৮৬০০০০০০ মাইল দূরে শনি গ্রহের স্থিতি । তুলনামূলক পৃথিবী থেকে ৯৫% গুন অধিক চৌম্বকীয় শক্তি সম্পন্ন । সূর্য পরিক্রমা করতে ২৯ বছর লাগে ।তবে আমরা জানি শনি' নবগ্রহের একটি অন্যতম গ্রহ, শনি গ্রহকে গ্রহরাজ-ও বলা হয়ে থাকে। শনিদেব সনাতন ধর্ম মতে একজন দেবতা। শনি উগ্র দেবতা বলে কুখ্যাত। জ্যোতিষীদের মতে শনির কুদৃষ্টি অশুভ ফল নিয়ে আসে। সৌরজগতের শনি গ্রহ ও সপ্তাহের শনিবার দিনটি শনিদেবেরর নামে নামকরণ করা হয়। শনিদেব কে শনিশ্চর বা শনৈশ্চর নামেও ডাকা হয়। শনি সনাতন হিন্দু ধর্মের একজন দেবতা যিনি সূর্যদেব ও তাঁর পত্নী ছায়াদেবীর পুত্র, এজন্য তাঁকে ছায়াপুত্র-ও বলা হয়।তবে এ নিয়ে অনেক সন্দেহ হয়ে গেছে মানুষের মনের মধ্যে, শনিদেব কে নিয়ে প্রচুর বিতর্ক সৃষ্টি হয়েছে বহু ক্ষেত্রেই। শনি সবার বড় ঠাকুর হলেও তিনি তাহলে শনি গ্রহ



হলেন কিভাবে? প্রশ্নর উত্তর নিয়ে অনিশ্চয়তা রয়ে গেছে আজও! আসলে শনি গ্রহদেবতা হিসেবে সবিশেষ পরিচিত। জ্যোতিষশাস্ত্রে জন্মছকে এর অবস্থান বিশেষভাবে বিবেচনা করা হয়। শনি দ্বাদশে, জন্মরাশিতে ও দ্বিতীয়ে অবস্থানকালে সাড়ে সাত বছর মানুষকে প্রচণ্ড কষ্ট দেয়। শনিদেবকে নিয়ে বিভিন্ন পুরাণে বিভিন্ন ঘটনার উল্লেখ আছে।স্কন্দ পুরাণ বলে শিপ্রা ও ক্ষাতা নদীর সংযোগস্থলে জন্মগ্রহণ করেই শনি ত্রিলোক আক্রমণ করেন। আতঙ্কিত ইন্দ্র ছুটলেন ব্রহ্মার কাছে। নিরুপায় ব্রহ্মা সূর্যের কাছে। এর আগেই শনি দ্বারা আক্রান্ত সূর্য ব্রহ্মাকেই শনিকে সংযত করার অনুরোধ করলেন। ব্রহ্মা গেলেন বিষ্ণুর কাছে। বিষ্ণু গেলেন শিবের কাছে। শিব শনিকে ডেকে অত্যাচার করতে বারণ করলেন। তখন শনি শিবকে তাঁর জন্য খাদ্য, পানীয় ও বাসস্থানের উপায় করতে বললেন। শিব শনিকে মেষ

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# বয়কট, নেতানিয়াহুর ভাষণ শুনবেন না ৪ মার্কিন সিনেটর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে আগামী ২৪ জুলাই ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর ভাষণ দেয়ার কথা রয়েছে। মার্কিন সিনেটর এলিজাবেথ ওয়ারেনসহ ৪ জন সেই ভাষণ বয়কটের ঘোষণা দিয়েছেন।

ফিলিস্তিনের গাজায় মানবিক বিপর্যয়ের জন্য নেতানিয়াহুকে দায়ী করেন তারা। এলিজাবেথ ওয়ারেন সাংবাদিকদের বলেন, একটি দ্বি-রাষ্ট্রীয় সমাধানের জন্য মার্কিন নীতিকে আমি সমর্থন করি না, যা ইসরায়েল ও ফিলিস্তিনিদের তাদের নিজস্ব জাতিকে আত্মনিয়ন্ত্রণ করতে এবং মর্যাদার সঙ্গে বাঁচতে দেয় না। ওয়ারেনের সঙ্গে সিনেটর বার্নি স্যান্ডার্স, রো খান্না এবং জিম ক্লাইবার্ন নেতানিয়াহুর ভাষণ বয়কটের ঘোষণা দিয়েছেন।

একটি বিবৃতিতে স্যান্ডার্স বলেছেন, 'এটা আমাদের দেশের জন্য খুবই দুঃখের দিন। উভয় দলের নেতারা প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেসের একটি যৌথ সভায় ভাষণ দেওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছেন'।

তিনি বলেছেন, বেনিয়ামিন নেতানিয়াহু একজন যুদ্ধাপরাধী। তাকে কংগ্রেসের যৌথ সভায় ভাষণ দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো উচিত নয়। আমি অবশ্যই এতে যোগ দেব না।



## আমাকে কোনও মামলায় তলব করা হয়নি" ইডি দফতর থেকে বেরিয়ে

# এ কথাই বললেন টলিউড অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আমাকে কোনও মামলায় তলব করা হয়নি।" ইডি দফতর থেকে বেরিয়ে এ কথাই বললেন টলিউড অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত। এ দিন সকাল থেকেই ইডি অফিসের বাইরে তৎপরতা ছিল। টলিউডের অন্যতম নায়িকা ঋতুপর্ণা সেনগুপ্ত আজ কি আসবেন? সেই প্রশ্ন ঘুরপাক খেতে থাকে। সাড়ে বারোটা নাগাদ অভিনেত্রী সিজিও কমপ্লেক্সে গিয়ে পৌঁছান।রেশন দুর্নীতি মামলায় রাজ্যের তৎকালীন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের নাম জড়িয়ে ছিল। তিনি এক বছর ধরে জেল হেফাজতে রয়েছেন। খাদ্যমন্ত্রী থেকে কি কোনও টাকা গিয়েছিল? রেশন দুর্নীতির টাকায় কি কোনও সিনেমা হয়েছে? সেই সব প্রশ্ন সামনে আসে। আর কোনও বিষয়ে কথা বলতে রাজি হননি ঋতুপর্ণা।



"এর থেকে বেশি কিছু আর বলতে পারব না। এরপর যখন কিছু হবে, আমি বলব।" পরিষ্কার জানান অভিনেত্রী। তাহলে কি আবার ঋতুপর্ণাকে সিজিও কমপ্লেক্সে আগামী দিনে আসতে হবে? সেই প্রশ্ন উসকে যাচ্ছে।বিকেল সাড়ে পাঁচটার পরে ইডি অফিস থেকে ঋতুপর্ণা সেনগুপ্তকে বেরোতে দেখা যায়। পাঁচ ঘন্টার বেশি সময় অভিনেত্রী ইডি অফিসে ছিলেন। কী কথা হল? কেন তাঁকে ডাকা হয়েছিল? সে বিষয়ে একাধিক প্রশ্ন উঠে আসে।

অভিনেত্রীকে দেখে একাধিক প্রশ্ন করতে থাকেন সাংবাদিকরা। প্রশ্নবাণ যেন তার দিকে ধেয়ে আসে। কিছুটা মেজাজ হারিয়ে অভিনেত্রী দিয়ে পিছনের দিকে চলে যান। তারপর সাংবাদিকদের মুখোমুখি হন। কিছু কাগজ ইডি অফিসাররা চেয়েছিলেন। সেইসব ডকুমেন্ট আধিকারিকদের কাছে দেওয়া হয়েছে। এর বেশি কোনও কিছু নয়। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানালেন অভিনেত্রী।রেশন বন্টন দুর্নীতি মামলায় তাঁকে তলব করা হয়েছিল। তবে এই বিষয়ে মানতে চাননি অভিনেত্রী। ঋতুপর্ণা বলেন, "আমাকে কোনও মামলায় তলব করা হয়নি।" তদন্তের স্বার্থে ইডি আধিকারিকরা ঋতুপর্ণা সেনগুপ্তর কাছে কিছু ডকুমেন্ট চেয়েছিলেন। সেইসব কাগজপত্র জমা করতে বলা হয়েছিল। সেজন্যই তিনি এসেছিলেন ইডি অফিসে।

ঋতুপর্ণা বলেন, " আমি কথা মতো কিছু কাগজপত্র জমা করে দিয়েছি। ইডি আধিকারিকরা সহযোগিতা করেছেন। আমিও সহযোগিতা করেছি। এই দুর্নীতির সঙ্গে আমার কোনও কানেকশন নেই। একটা ডকুমেন্ট চেয়েছিল। আমি দিয়ে দিয়েছি। আমার একাউন্টেন্টও দিয়ে দিয়েছেন। আমার সহযোগিতায় ওঁরা খুশি।"

২ পাতার পর

# নতুন চুক্তি স্বাক্ষর করলেন পুতিন-কিম

বার্তাগুলির ঘনিষ্ঠভাবে প্রতিফলিত করে। সফরের আগে উত্তর কোরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যমে তার লেখা এক চিঠিতে নতুন বাণিজ্য ও নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার অঙ্গীকার করা হয়েছে, যা থাকবে পশ্চিমাদের নিয়ন্ত্রণের বাইরে। পুতিন তার বক্তব্যে যুক্তরাষ্ট্রের চাপ, ব্ল্যাকমেইল ও সামরিক হুমকি সত্ত্বেও পিয়ংইয়ংকে সমর্থন দেওয়ারও অঙ্গীকার করেন।

রুশ প্রেসিডেন্ট বলেন, রাশিয়া ও উত্তর কোরিয়ার মধ্যে সম্পর্ক সহযোগিতা 'সমতা এবং একে অপরের স্বার্থের প্রতি পারস্পরিক শ্রদ্ধার নীতির ওপর প্রতিষ্ঠিত।

বহু দশক ধরে দৃঢ় বন্ধুত্ব ও ঘনিষ্ঠ সুপ্রতিবেশীসুলভ আচরণ রাশিয়া ও উত্তর কোরিয়াকে সংযুক্ত করেছে।

পুতিনের বক্তব্যের প্রতিক্রিয়া জানাতে উত্তর কোরিয়ার নেতা বলেন, দুই দেশ 'নতুন সমৃদ্ধির' যুগে প্রবেশ করছে। কিম আরও বলেন, তিনি ইউক্রেনে রাশিয়ার আক্রমণকে 'পুরোপুরি সমর্থন' করেন। রাশিয়া বিশ্বে কৌশলগত ভারসাম্য বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলেও তিনি উল্লেখ করেন।

বিশ্লেষকরা বলেছেন, ইউক্রেন আগ্রাসন উত্তর কোরিয়া সম্পর্কে পুতিনের দৃষ্টিভঙ্গি বদলে দিয়েছে। বিবিসির খবর অনুসারে, উত্তর কোরিয়াকে প্রায়ই বিশ্ব থেকে বিচ্ছিন্ন একটি রাষ্ট্র হিসেবে দেখা হয়। কিন্তু কয়েক দশক ধরে রাশিয়া ও চীনের সঙ্গে দেশটির গভীর সম্পর্ক বিরাজ করছে। বিবিসির দ্য গ্লোবাল স্টোরি পডকাস্টে উত্তর কোরিয়ার পর্যবেক্ষক জ্যঁ লি বলেন, সোভিয়েত ইউনিয়নের পতনের পর থেকে রাশিয়ার সঙ্গে উত্তর কোরিয়ার সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকে। সাম্প্রতিক দশকগুলোতে পিয়ংইয়ং তাদের বাণিজ্যের ৯০ শতাংশই চীনের ওপর 'প্রায় পুরোপুরি নির্ভরশীল' হয়ে পড়েছে। কিন্তু ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন পুতিনের দৃষ্টিভঙ্গি পাল্টে দিয়েছে।

# সিনেমার খবর

## বাগদানের পর ভেঙে গেল অভিনেত্রীর বিয়ে



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : বাংলা টিভি সিরিয়ালের অন্যতম পরিচিত মুখ সুস্মিতা দে। ব্যক্তিগত জীবনে অনির্বাণ রায়ের সঙ্গে সম্পর্কে জড়ান। কয়েক মাস আগে বাগদান সারেন তারা। কয়েক বছরের মধ্যে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পরিকল্পনা করেছিলেন। এরই মধ্যে অনির্বাণ জানালেন, ভেঙে গেছে তাদের সম্পর্ক।

অনির্বাণ রায় তার ইনস্টাগ্রামে একটি পোস্ট দিয়ে সম্পর্কের ইতি টানার ঘোষণা দেন। তাতে তিনি লেখেন, সুস্মিতা দে প্রসঙ্গে কোনো পোস্ট বা প্রশ্ন আমাকে করবেন না। ব্যক্তিগত কিছু কারণে আমরা আলাদা হয়েছি।

খুব অল্প সময়ের মধ্যে পোস্টটি সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। যা দেখে মর্মাহত সুস্মিতার ভক্তরা। যদিও পরে পোস্টটি মুছে ফেলেন অনির্বাণ। এ বিষয়ে ভারতীয় একটি গণমাধ্যম সুস্মিতার সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করে। কিন্তু ফোন রিসিভ করেননি তিনি।

কিছুদিন আগে সুস্মিতা দে বলেছিলেন, আমাদের বাগদান হয়েছে। তবে বিয়ের এখনো কয়েক বছর বাকি।জি বাংলার রিয়্যালিটি শো 'ঘরে ঘরে জি বাংলা'। এতে অনির্বাণকে সঙ্গে নিয়ে হাজির হয়েছিলেন সুস্মিতা। এ অনুষ্ঠানেও অনির্বাণকে হবু স্বামী হিসেবে পরিচয় করিয়ে দেন এই অভিনেত্রী। অনেক দর্শকপ্রিয় টিভি সিরিয়ালে অভিনয় করেছেন সুস্মিতা দে। এ তালিকায় রয়েছে পঞ্চমী, বউমা একঘর, অপরাজিত অপু প্রভৃতি। বর্তমানে 'কথা' ধারাবাহিকের কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছেন সুস্মিতা।

## মুম্বাইয়ে বসছে সোনাক্ষীর বিয়ের আসর



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : আগামী ২৩ জুন বিয়ের পিঁড়িতে বসছেন বলিউড তারকা সোনাক্ষী সিনহা। বাবা শত্রুঘ্ন সিনহা সংসদ সদস্য নির্বাচিত হয়েই মেয়েকে পাত্রস্থ করার দিনক্ষণ ঠিক করে ফেলেছেন। মুম্বাইয়ে বসবে সোনাক্ষী-জাহিরের বিয়ের আসর। শুরুতে জানা গিয়েছিল সাদামাটা হবে আয়োজন। এবার শোনা যাচ্ছে অন্য কথা। বেশ জাঁকজমক করেই হবে সোনাক্ষীর বিয়ে।

ভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, মুম্বাইয়ে এক পাঁচতারা হোটেলে হবে সব বিয়ের অনুষ্ঠান। শোনা যাচ্ছে, ফ্যাশন ডিজাইনার আবু জানিরে সারার পোশাকেই সেজে উঠবেন সোনাক্ষী। আর অন্যদিকে, মণীশ মালহোত্রার গলাবন্ধ কুর্তায় দেখা যাবে জাহির ইকবালকে।

অতিথি তালিকাতেও রয়েছে বড় চমক। সোনাক্ষীর বিয়েতে বিশেষ অতিথি হিসেবে দেখা যাবে সালমান খানকে। শোনা যাচ্ছে, সোনাক্ষীর আবদারে নাকি তিনি পারফর্মও করবেন। এছাড়াও সঞ্জয় লীলা বনশালির 'হীরামাণ্ডি' সিরিজের পুরো স্টারকাস্ট থাকবেন সোনাক্ষীর এই বিয়েতে।

এদিকে ২৩ জুন বিয়ের সানাই বাজার কথা থাকলেও ১৯ তারিখ থেকে শুরু হবে বিয়ের অনুষ্ঠান। বহুদিন ধরেই বলিউডের অলিতে-গলিতে কান পাতলে শোনা যাচ্ছে, অভিনেতা জাহির ইকবালের সঙ্গে নাকি চুটিয়ে প্রেম করছেন সোনাক্ষী! যদিও এই জল্পনায় এতদিন সোনাক্ষীর পরিবারের সিলমোহর না দিলেও এবার একেবারে বিয়ের দিনক্ষণ ঠিক করে চমকে দিল সবাইকে।

## গোলাগুলির ঘটনায় জবানবন্দিতে যা বললেন সালমান খান



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : জীবন নাশের হুমকির মুখে রয়েছেন বলিউড ভাইজান সালমান খান। গেল এপ্রিলে তার বাড়ির সামনে গুলিও চলেছে। এ নিয়ে বেশ জটিল পরিস্থিতি তৈরি হয়েছিল সে সময়। তার জন্য ব্যবস্থা করা হয়েছিল আলাদা নিরাপত্তার। সম্প্রতি এ নিয়ে সালমান ও আরবাজ খানের জবানবন্দি রেকর্ড করেছে মুম্বাই পুলিশ। এ নিয়ে সালমানের বক্তব্য হলো গোলাগুলির সময় তিনি ঘুমিয়ে ছিলেন।

গুলিকাণ্ডের অনেক পর সালমানের কাছে পৌঁছল পুলিশ। বুধবার তার বাড়িতে গিয়ে এ বিষয়ে কথা বলে মুম্বাই পুলিশ। বেশ দীর্ঘ সময় ধরেই তাকে জেরা করা হয়। পিটিআই এ নিয়ে খবর প্রকাশ করেছে। তারা জানায়, মুম্বাই পুলিশের চার সদস্যের একটি টিম গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে সালমানের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেছে। বান্দ্রার এ বাড়িতে সালমান ও আরবাজ খানের সঙ্গে তারা মোট প্রায় ৪ ঘণ্টা কথা বলেছেন। এর মধ্যে ২ ঘণ্টা জেরা করেছেন আরবাজ খানকে।



পিটিআই সূত্রে জানা যায়, পুলিশের পক্ষ থেকে সালমান ও আরবাজকে প্রায় দেড়শ প্রশ্ন করা হয়েছে। তারা আরো জানিয়েছেন, এ মুহূর্তে সালমান খান তার জীবনের ওপর কোনো হুমকি অনুভব করছেন না বলে নিশ্চিত করেছেন পুলিশকে। এছাড়া বলিউডের ভাই পুলিশকে জানিয়েছেন, গত ১৪ এপ্রিল গুলি চলার সময় তিনি বাড়িতেই ছিলেন। আগের রাতে দেরি করে বাড়ি ফেরার কারণে সেদিন বেশি বেলা পর্যন্ত ঘুমিয়েছিলেন। গুলির শব্দ শুনেই তার ঘুম ভেঙেছিল।

এছাড়া আরবাজ জানিয়েছেন, সেদিন তিনি নিজের জুহুর বাড়িতে ছিলেন। তার জবানবন্দি নেয়ার কারণ হলো ভাইয়ের জীবন হুমকির মুখে থাকার বিষয়টি তিনিও অবগত ছিলেন। এর আগেও সালমানের কাছে হুমকির চিঠি এসেছিল। জানা গেছে, গোলাগুলির ঘটনার আগে বিষ্ণোই গ্যাংয়ের তরফ থেকে সালমানের পরিবারের কাছে হুমকির চিঠি পাঠানো হয়েছিল। পানভেলে তাদের বাড়ির বাইরে হুমকির চিঠি ফেলে রাখা হয়েছিল এবং তারা বুঝতে পারেন বিষ্ণোইরা এ বাড়ি রেকি করে গেছেন। সেই সময় থেকেই আরবাজ সতর্কতা অবলম্বন করেন। পুলিশকেও জানানো হয়েছিল।

## প্রায় ৮ মাস পর ছেলেকে প্রকাশ্যে আনলেন জিৎ



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : মেয়ে হওয়ার ১১ বছর পর আবারও বাবা-মা হয়েছেন টালিউডের জনপ্রিয় অভিনেতা জিৎ ও তার স্ত্রী মোহনা। ছেলের জন্মের পর প্রায় ৮ মাস কেটে গেলেও তাকে আড়ালেই রেখেছিলেন তিনি। অবশেষে ছেলেকে প্রকাশ্যে আনলেন জিৎ। গত বছরের ১৬ অক্টোবর দ্বিতীয়বার বাবা হয়েছেন টালিউডের জনপ্রিয় অভিনেতা জিৎ। ছেলের নাম রেখেছেন রোনভ। তবে সিনেমা 'বুমেরাং' মুক্তি পেতেই ছেলেকে প্রকাশ্যে আনলেন তিনি। জিতের পৃথিবী মা-বাবা, স্ত্রী, কন্যাকে নিয়েই আবর্তিত। কোনো রকম সিনেমার পার্টি কিংবা প্রিমিয়ার, কোথাও দেখা যায় না এ অভিনেতাকে। সিনেমার প্রচার ছাড়া সাংবাদিকদের মুখোমুখিও কম হয়েছেন তিনি। নিজের পরিবারের নতুন সদস্যকে যে কিছুটা রেখে ঢেকেই প্রকাশ্যে আনবেন তেমনটাই সবাই মনেকরেছিল।

প্রিয় তারকার ছেলেকে কেমন দেখতে সেই অপেক্ষায় ছিলেন জিতের ভক্তরা। তিনটি ছবি দিয়েছেন অভিনেতা ছেলের। প্রথম ছবিতে একা পায়ের উপর পা তুলে শুয়ে আছে ছোট্ট রোনভ। দ্বিতীয় ছবিতে তাদের চারজনের ছবি দিয়েছেন অভিনেতা। অন্যদিকে তৃতীয় ছবিতে তাদের পুরো পরিবারকে নতুন সদস্যের সঙ্গে দেখা।

## নাটকীয় জয়ে
# ইউরো শুরু পর্তুগালের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রোনালদো-ফের্নান্দেসদের আক্রমণের ঢেউয়ের সামনে শান্ত থেকে, রক্ষণ জমাট রেখে ঘর আগলে রাখল চেক প্রজাতন্ত্র। প্রতিপক্ষের শত চেষ্টা ব্যর্থ করে দিয়ে আচমকা এক গোলে তারাই জাগাল জয়ের সম্ভাবনা। কিন্তু তাদের ক্ষণিকের ভুলে ঘুরে দাঁড়ানোর পথ পেয়ে গেল পর্তুগাল। আর শেষ মুহূর্তে বদলি নেমে, যোগ করা সময়ে দলকে জয়োল্লাসে ভাসালেন ফ্রান্সিসকো কনসেইকাও।

লাইপজিগে মঙ্গলবার (১৮ জুন) রাতে রোমাঞ্চকর লড়াইয়ে ২-১ গোলে জিতে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে শিরোপা পুনরুদ্ধারের অভিযান শুরু করল পর্তুগাল। পুরো ম্যাচে মাত্র ২৫ শতাংশ পজেশন রাখতে পারা চেক গোলের জন্য পাঁচটি শট নিয়ে লক্ষ্যে রাখতে পারে একটি, তা থেকেই লক্ষ্যভেদ করেন লুকাশ প্রোভোদ। তিন পয়েন্টের জন্য সেটাই যথেষ্ট হতে পারত; কিন্তু দুইটি মারাত্মক ভুলে সব হারাল গত আসরে কোয়ার্টার-ফাইনাল খেলা দলটি।

মাঠে নেমে নিজেদের গুছিয়ে নিতে যা একটু সময় নেয় পর্তুগাল, এরপর শুরু করে একের পর এক আক্রমণ। অষ্টম মিনিটে ভালো একটি সুযোগও পায় তারা; রাফায়েল লেয়াওয়ের ক্রসে ঠিকঠাক হেড করতে পারেননি ক্রিস্তিয়ানো রোনালদো।

প্রবল চাপের মুখে দারুণ দৃঢ়তায় রক্ষণ সামলাতে থাকে চেক। ২৪তম মিনিটে ব্রুনো ফের্নান্দেসের অনেক দূর থেকে নেওয়া শট একজনের পায়ে লেগে ক্রসবারের একটু ওপর দিয়ে বেরিয়ে যায়। দুই মিনিট পর হতে পারত গোল; কিন্তু ফের্নান্দেসের গোলমুখে বাড়ানো ক্রসে স্লাইড করেও প্রয়োজনীয় ছোঁয়াটা দিতে পারেননি লেয়াও।

৩২তম মিনিটে ফের্নান্দেস বক্সে দুর্দান্ত এক থ্রু পাস বাড়ান, গোলরক্ষককে একা পেয়ে যান রোনালদো। তবে ছুটে গিয়ে প্রথম ছোঁয়ায় নেওয়া তার শট দারুণ ক্ষিপ্রতায় রুখে দেন গোলরক্ষক স্তানেক। লক্ষ্যে এটাই তাদের প্রথম শট। প্রতিপক্ষের আক্রমণের ঢেউ সামলাতে পুরোপুরি রক্ষণাত্মক হয়ে পড়ে চেক। বিরতির আগে আন্তর্জাতিক ফুটবলের রেকর্ড গোলদাতা রোনালদোর আরেকটি জোরাল শট দারুণ নৈপুণ্যে ঠেকিয়ে দেন স্তানেক।

প্রথমার্ধে বল দখলে একচেটিয়া আধিপত্য করে, গোলের জন্য ৯টি শট নিয়ে তিনটি লক্ষ্যে রাখতে পারে পর্তুগাল। বিরতির পরও একইভাবে চাপ ধরে রাখে তারা। বলা যায়, আক্রমণে ওঠারই সুযোগ পাচ্ছিল না চেক। সেই তারাই ৬২তম মিনিটে লক্ষ্যে প্রথম শট নিয়েই এগিয়ে যায়। একটি কর্নারের ফলশ্রুতিতে সতীর্থের কাটব্যাক বক্সের বাইরে পেয়ে জোরাল বাঁকানো শটে দল-সমর্থকদের উচ্ছ্বাসে ভাসান মিডফিল্ডার প্রোভোদ।

সাত মিনিট পর প্রতিপক্ষের দুর্ভাগ্যে পর্তুগিজ শিবিরে সমতার স্বস্তি ফেরে। নুনো মেন্দেজের হেড গোলরক্ষক ঝাঁপিয়ে ফেরালেও বল হাতে রাখতে পারেননি, আলগা বল সামনেই থাকা ডিফেন্ডার রবিন হ্যারানাচের হাঁটুতে লেগে জালে জড়ায়।

নির্ধারিত সময় শেষের খানিক আগে রোনালদোর হেড পোস্টে লেগে ফেরার পর দিয়েগো জটা জালে বল পাঠালে বাঁধভাঙা উদযাপন শুরু করে পর্তুগাল। যদিও মুহূর্ত পরই তা হতাশায় রূপ নেয়, সামান্য ব্যবধানে অফসাইডে ছিলেন রোনালদো।

এরপর ৯০তম মিনিটে ভিতিনিয়াকে তুলে কনসেইকাওকে নামান কোচ রবের্তো মার্তিনেস। আর মাঠে নামার ১১০ সেকেন্ডের মধ্যে, প্রথম ছোঁয়াতেই ব্যবধান গড়ে দেন ২১ বছর বয়সী ফরোয়ার্ড কনসেইকাও।

বাঁ দিক থেকে ছয় গজ বক্সে নিচু পাস বাড়ান পেদ্রো নেতো। বল ঠেকাতে গিয়ে শরীরের ভারসাম্য হারিয়ে ফেলেন আত্মঘাতী গোল দেওয়া হ্যারানাচ; ফাঁকায় বল পেয়ে বাঁ পায়ের শটে দলকে জয়ের ঠিকানায় পৌঁছে দেন সাবেক তারকা উইঙ্গার সের্জিও কনসেইকাওয়ের ছেলে ফ্রান্সিসকো কনসেইকাও।

প্রতিযোগিতামূলক ফুটবলে পর্তুগালের জার্সিতে প্রথমবার মাঠে নেমেই দলের নায়ক হয়ে উঠলেন কনসেইকাও। ২০০০ সালের ইউরোয় গ্রুপ পর্বে জার্মানির জালে হ্যাটট্রিক করে আজও দেশের ফুটবলে স্মরণীয় হয়ে আছেন বাবা সের্জিও কনসেইকাও।

## রোমাঞ্চকর ম্যাচে ক্রোয়েশিয়াকে রুখে দিল আলবেনিয়া



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** শুরুর গোল আগলে রেখে দারুণ জয়ের ঘ্রাণ পাচ্ছিল আলবেনিয়া। বিবর্ণতার খোলস ছেড়ে শেষ দিকে তেড়েফুঁড়ে বেরিয়ে এলো ক্রোয়েশিয়া। তিন মিনিটের মধ্যে দুই গোল করে জয়ের আশাও জাগাল তারা। কিন্তু জয়ের গল্প লেখা হলো না ক্রোয়াটদের। আত্মঘাতী হওয়া ক্লাউস দ্বিতীয়ার্ধের যোগ করা সময়ে করলেন শাপমোচন। নাটকীয়তার নানা মোড় ঘুরে ড্র হলো ক্রোয়েশিয়া-আলবেনিয়া লড়াই।

হামবুর্গে বুধবার (১৯ জুন) 'বি' গ্রুপের ম্যাচটি ২-২ ড্র হয়েছে। একাদশ মিনিটে কাজিম লাচি এগিয়ে নেন আলবেনিয়াকে। ৭৪তম মিনিটে আন্দ্রে ক্রামারিচ সমতা ফেরানোর পর ক্লাউসের আত্মঘাতী গোলে এগিয়ে যায় তারা। দ্বিতীয়ার্ধের যোগ করা সময়ে ক্লাউস নিচু শটে দলকে এনে দেন মূল্যবান একটি পয়েন্ট। চলমান ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে পয়েন্টের খাতা খুললেও জয়হীন থাকল দুই দল। নিজেদের প্রথম ম্যাচে প্রতিযোগিতার শিরোপাধারী ইতালিকে কাঁপিয়ে দিয়ে ২-১ গোলে হেরেছিল আলবেনিয়া। আর স্পেনের বিপক্ষে ৩-০ গোলে উড়ে গিয়েছিল ক্রোয়েশিয়া।

আলবেনিয়ার বিপক্ষে 'বয়সী' একাদশ নিয়ে খেলতে নামে ক্রোয়েশিয়া; খেলোয়াড়দের গড় বয়স ৩০ বছর এক দিন। বড় কোনো আসরে এটা তাদের দ্বিতীয় বয়সী একাদশ। ১৯৯৮ বিশ্বকাপে নেদারল্যান্ডসের বিপক্ষে তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচে খেলতে নামা ক্রোয়েশিয়ার একাদশের খেলোয়াড়দের গড় বয়স ছিল ৩০ বছর ১২৬ দিন।

শুরু থেকে ক্রোয়েশিয়াকে চেপে ধরার চেষ্টা করতে থাকে আলবেনিয়া। প্রথম ভালো সুযোগটি কাজে লাগিয়ে একাদশ মিনিটে এগিয়েও যায় তারা। ডান দিক থেকে বাড়ানো জাসির আসানির ক্রসে বক্সে দুই ডিফেন্ডারের মাঝে থাকা কাজিম লাচির হেড গোলরক্ষক দমিনিক লিভাকোভিচের পাশ দিয়ে জালে জড়ায়। ক্রোয়াট গোলরক্ষক ঠিকঠাক হাত বাড়াতে পারলে পেতে পারতেন বলের নাগাল।

ব্যবধান দ্বিগুণ করতে ক্রোয়েশিয়ার রক্ষণে বারবার হানা দিতে থাকে আলবেনিয়া। ২৯তম মিনিটে এলসাইদের বক্সের ভেতর থেকে নেওয়া জোরাল ভলি যায় বাইরে। পরের মিনিটে ক্রিস্তিয়ান আসলানির শট ঝাঁপিয়ে আটকান লিভাকোভিচ। প্রথমার্ধের যোগ করা সময়ে রেই মানাজের হেডও আটকান লিভাকোভিচ। এই অর্ধে ক্রোয়েশিয়া কতটা বিবর্ণ ছিল, তা ফুটে ওঠে পরিসংখ্যানেও। একটি শটও লক্ষ্যে রাখতে পারেনি তারা!

দ্বিতীয়ার্ধে ঘুরে দাঁড়ানোর চেষ্টা করতে থাকে ক্রোয়েশিয়া। ৫০তম মিনিটে লক্ষ্যে প্রথম শট রাখতে সক্ষম হয় ২০১৮ বিশ্বকাপের রানার্সআপরা। কিন্তু লুকা সুসিচের শট পরাস্ত করতে পারেনি আলবেনিয়া গোলরক্ষককে। ৭৪তম মিনিটে বুদিমিরের ছোট পাস ধরে আন্দ্রে ক্রামারিচের নিচু শট খুঁজে পায় জাল। সমতার উচ্ছ্বাসে মেতে ওঠে গ্যালারিতে আসা ক্রোয়েশিয়ার সমর্থকরা। পরের মিনিটে আবারও গোল হজম করতে বসেছিল আলবেনিয়া। সতীর্থের পাস মারিও পালাসিচ ঠিকঠাক নিয়ন্ত্রণে নিতে পারেননি। কয়েকদফার চেষ্টায় বল গ্লাভসে নিতে পারেন আলবেনিয়া গোলরক্ষক।

আলবেনিয়াকে চেপে ধরা ক্রোয়াটরা এগিয়ে যায় ৭৬তম মিনিটে। পালাসিচের কাটব্যাকে শট নিয়েছিলেন সুসিচ, সামনেই থাকা এক ডিফেন্ডারের পায়ে তা প্রতিহত হয়। তবে ভাগ্য খারাপ আলবেনিয়ার, সামনেই থাকা তাদের মিডফিল্ডার ক্লাউসের পায়ে লেগে বল চলে যায় জালে। দ্বিতীয়ার্ধের যোগ করা সময়ের পঞ্চম মিনিটে, প্রায়শ্চিত্ত করেন ক্লাউস। নিচু শটে লিভাকোভিচকে পরাস্ত করেন তিনি; হার এড়িয়ে ড্রয়ের স্বস্তি নিয়ে মাঠ ছাড়ে আলবেনিয়া।

## ফিফার বিরুদ্ধে মামলা করলো ফিফপ্রো




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** নতুন পরিসরে ৩২ দল নিয়ে ক্লাব বিশ্বকাপ আয়োজন নিয়ে এবার বিপাকে পড়েছে ফিফা। অবশ্য টুর্নামেন্টটির পরিসর ও সূচি নিয়ে পুনঃমূল্যায়ন করা না হলে আইনি লড়াইয়ে যাওয়ার ঘোষণা আগেই দিয়ে রেখেছিল পেশাদার ফুটবলারদের সংগঠন ফিফপ্রো।

সেটি এবার করে দেখাল তারা।

গত মাসেই ফিফপ্রো ও ওয়ার্ল্ড লিগস অ্যাসোসিয়েশনের (ডব্লিউএলএ) পক্ষ থেকে ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো ও সচিব মাতিয়াস গ্রাফস্ত্রমকে একটি চিঠি দেওয়া হয়। ব্যস্ত সূচির কারণ দেখিয়ে চিঠিতে বলা হয়, বৈশ্বিক ফুটবল পঞ্জিকা এখন 'অনুসরণ অযোগ্য।' ঘরোয়া লিগগুলোই তাদের প্রতিযোগিতা যথাযথভাবে আয়োজন করতে পারছে না। আর খেলোয়াড়দের তো তাদের সীমার বাইরে ঠেলে দেওয়া হচ্ছে, যা উল্লেখযোগ্য চোটের ঝুঁকি বাড়াচ্ছে।

এই চিঠি পেয়ে দমে যায়নি ফিফা। বরং তারা নিজেদের অবস্থানে অটল থাকার কথা জানায়। পরবর্তীতে সংস্থাটিকে একরকম হুমকি দেয় ইংল্যান্ডের প্রফেশনাল ফুটবলার'স অ্যাসোসিয়েশন (পিএফএ)। সংস্থাটির প্রধান নির্বাহী মাহেতা মোলাঙ্গো বলেন, ঠাসা সূচির প্রতিবাদে ধর্মঘটে যেতে প্রস্তুত ফুটবলাররা।

ব্যস্ত এই সূচি আর খেলোয়াড়দের কথা চিন্তা করে ক্লাব এবং ক্লাবের কোচরাও সমালোচনা কম করেনি। কিন্তু ফিফার অটল অবস্থানের কারণে এবার বিষয়টি আদালতে গড়াল। ফিফপ্রো নিশ্চিত করেছে, বৃহস্পতিবার সংগঠনের সদস্য পিএফএ ও ফ্রান্সের প্লেয়ার্স ইউনিয়ন (ইউএনএফপি) ব্রাসেলস কোর্ট অব কমার্সে একটি মামলা দায়ের করেছে।

আদালতের কাছে তারা আরও আবেদন করেছে, ব্রাসেলস কোর্ট অব কমার্স যেন মামলাটি ইউরোপিয়ান কোর্ট অব জাস্টিসে প্রেরণ করে। এ বিষয়ে মন্তব্যের জন্য রয়টার্স অনুরোধ করলেও সাড়া দেয়নি ফিফা।

## কোপাতে শুরুর একাদশেই
# মেসিকে চায় আর্জেন্টিনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আসন্ন কোপা আমেরিকায় শুরু থেকেই লিওনেল মেসিকে দলে পেতে চায় আর্জেন্টিনা। এ জন্য সবশেষ ম্যাচেই মেসিকে বদলি হিসেবে নামানো হয়েছিল। এই মহাতারকাকে নিয়ে বিশেষ পরিকল্পনা নিয়ে আগাচ্ছেন আর্জেন্টিনার প্রধান কোচ লিওনেল স্কালোনি।

স্কালোনি আশা করছেন, কোপা লড়াইয়ে নামার আগে গুয়াতেমালার বিপক্ষে শেষ প্রস্তুতি ম্যাচে পুরোটা সময় খেলবেন মেসি। অনেকটা সময় পেশির চোট ভুগেছেন মেসি। ফলে ইন্টার মায়ামির হয়ে খেলতে পারেননি বেশ কিছু ম্যাচেও।

শুক্রবার সংবাদ সম্মেলনে স্কালোনি জানিয়েছেন, মেসির বর্তমান শারীরিক কন্ডিশন বেশ ভালো। তবে সামনের প্রস্তুতি ম্যাচে কতো মিনিট খেলবে তা নির্ভর করবে মেসির শারীরিক সক্ষমতার ওপর।

আগামী শুক্রবার কানাডার বিপক্ষে ম্যাচ দিয়ে শিরোপা ধরে রাখার অভিযান শুরু করবে আর্জেন্টিনা। 'এ' গ্রুপে তাদের অন্য দুই প্রতিপক্ষ পেরু ও চিলি।

## নতুন কোচের নাম
# ঘোষণা করল বরুশিয়া ডর্টমুন্ড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পারস্পরিক সমঝোতার মাধ্যমে বরুশিয়া ডর্টমুন্ডের কোচের পদ থেকে সরে দাঁড়িয়েছিলেন এডিন টেরজিক। টেরজিকের স্থলাভিষিক্ত হলেন তারই সহকারী ও এক সময়ের বরুশিয়া ফুটবলার নুরি সাহিন।

১৪ জুন নুরিকে কোচ হিসেবে নিয়োগ দিয়েছে ডর্টমুন্ড। খবর এপির।

২০২১ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত নুরি তুর্কি ক্লাব এন্তালিসপরের কোচের দায়িত্ব পালন করেছেন। এক বছরের চুক্তিতে গত ডিসম্বরে বরুশিয়ায় সহকারী কোচ হিসেবে নিয়োগ পান তিনি। খেলুড়ে জীবনে এই জার্মান বরুশিয়া ছাড়াও রিয়াল মাদ্রিদ, লিভারপুল, ওয়ার্ডার ব্রেমেন ও ফেইনর্ডের প্রতিনিধিত্ব করেছেন। কোচ হিসেবে তার সামনে এখন টেরজিকের অসমাপ্ত যাত্রা সম্পন্ন করার চ্যালেঞ্জ।

বিদায় নিলেও টেরজিক কোচের পদ ছেড়েছেন মাথা উঁচু করেই। তার যামানার আগে দীর্ঘদিন ধরে বরুশিয়া বুন্দেসলিগা বা চ্যাম্পিয়ন্স লিগ, কোনোটিতেই সাফল্যের মুখ দেখছিল না। ২০২২ সালে টেরজিক পূর্ণ দায়িত্ব নিয়ে সদ্য সমাপ্ত মৌসুমে ক্লাবকে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে নিয়ে যান, যদিও ওয়েম্বলিতে রিয়াল মাদ্রিদের কাছে হেরে শিরোপাস্বপ্ন ভঙ্গ হয় তাদের।

২০২৫ সাল পর্যন্ত বরুশিয়ার সঙ্গে চুক্তি ছিল টেরজিকের। তার অধীনে ২০২২-২৩ মৌসুমে গোল ব্যবধানে লিগ শিরোপা হারায় বরুশিয়া। লেভারকুসেনের লিগ জেতার এ মৌসুমে পাঁচে থেকে খেলা শেষ করেছে তারা, তাতে সুযোগ মিলছে আগামী মৌসুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলার।

বরুশিয়া সবশেষ লিগ জিতেছিল ২০১১-১২ মৌসুমে। ২০২১-২২ ও ২০২২-২৩ মৌসুমে টানা দুবার লিগে রানার্সআপ হয় তারা। একমাত্র চ্যাম্পিয়ন্স লিগটি আসে ১৯৯৬-৯৭ মৌসুমে, তিন বার ফাইনালে উঠে রানার্সআপ হয়েছিল ২০১২-১৩'র আসরে। লিগ ও চ্যাম্পিয়ন্স লিগে ব্যর্থতা বজায় থাকলেও গত পাঁচ-ছয় বছরে বেশ কয়েকটি ডিএফপি পোকাল ও ডিএফপি সুপার কাপ জিতেছে তারা।

## অলিম্পিকের প্রস্তুতি হিসেবে
# জাপানের সাথে ম্যাচ খেলবে যুক্তরাষ্ট্র




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জুলাইয়ে প্যারিস অলিম্পিককে সামনে রেখে যুক্তরাষ্ট্র পুরুষ ফুটবল দল জাপানের বিপক্ষে কানসাস শহরে শেষ প্রস্তুতি ম্যাচ খেলবে।

যুক্তরাষ্ট্র অনূর্ধ্ব-২৩ দলের পাশাপাশি জাপানও অলিম্পিকে খেলার যোগ্যতা অর্জন করেছে। ২০০৮ সালে বেইজিং অলিম্পিকের পর যুক্তরাষ্ট্রের পুরুষ ফুটবল দল এই প্রথম অলিম্পিকে খেলার যোগ্যতা অর্জন করেছে।

দলের প্রধান কোচ মার্কো মিট্রোভিচ বলেন, 'অলিম্পিক গেমসের প্রস্তুতির অংশ হিসেবে আমরা বেশ কিছু ভালো অনুশীলন ক্যাম্প করেছি। ফ্রান্সে যাবার আগে যুক্তরাষ্ট্রের সমর্থকদের সামনে ম্যাচ খেলার সুযোগ পেয়ে আমরা দারুন আনন্দিত। অলিম্পিকে যাবার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।'

তিনি আরো বলেন, 'আমরা জানি জাপান বেশ শক্তিশালী দল। তাদের বিপক্ষে আমাদের কঠিন পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। কানসাস সিটিতে ফুটবলের বেশ জনপ্রিয়তা আছে। আশা করছি, এই ম্যাচটি বেশ সফলভাবেই অনুষ্ঠিত হবে।'

উল্লেখ্য, প্যারিসে গেমসের উদ্বোধনী অনুষ্ঠানের দুইদিন আগে আগামী ২৪ জুলাই মার্সেইতে স্বাগতিক ফ্রান্সের বিপক্ষে ম্যাচ দিয়ে যুক্তরাষ্ট্র তাদের অলিম্পিক মিশন শুরু করবে। এরপর ২৭ জুলাই একই মাঠে তাদের প্রতিপক্ষ নিউজিল্যান্ড। তিনদিন পর সেইন্ট-এতিয়েনে গিনির বিপক্ষে ম্যাচ দিয়ে গ্রুপ পর্ব শেষ করবে যুক্তরাষ্ট্র।

## 'ভুলত্রুটি-অন্যায় মাফ করবেন',
# বিচ্ছেদের পর হজে গেলেন সানিয়া মির্জা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সমস্ত ভুলের জন্য ক্ষমা চাইছি। সোশাল মিডিয়ায় এই বার্তা দিয়ে হজযাত্রা শুরু করলেন ভারতের টেনিস সেনসেশন সানিয়া মির্জা। উল্লেখ্য, চলতি বছরের শুরুতেই শোয়েব মালিকের সাথে সানিয়ার বিবাহ বিচ্ছেদ হয়।

আরো আগেই পেশাদার টেনিস থেকে অবসর নিয়েছেন ছয়টি গ্র্যান্ড স্লামের মালিক। চলতি ফরাসি ওপেনে টেনিস বিশেষজ্ঞ হিসাবে সম্প্রচারকারী সংস্থার সাথেও যুক্ত ছিলেন। তবে এবার টেনিস ছেড়ে ধর্মে মনোযোগী হয়েছেন তিনি। রোববার নিজের সোশাল মিডিয়ায় জানান, আপাতত নিজেকে পরিবর্তনের চেষ্টা করছেন। পবিত্র স্থানগুলোতে গিয়ে আরো উন্নত মানুষ হয়ে উঠতে চান ভারতীয় টেনিসের গ্ল্যামার গার্ল। উল্লেখ্য, ইসলাম ধর্মের প্রধান পাঁচ স্তম্ভের মধ্যে অন্যতম হলো হজযাত্রা করা।

নিজের এক্স হ্যান্ডেলে পোস্ট করে সানিয়া লিখেছেন, 'সবাই আমার আমার ভুলত্রুটি, অপারগতাকে ক্ষমা করে দিন। নিজেকে সংশোধন করে নেয়ার সুযোগ পেয়েছি বলে আমি কৃতজ্ঞ। আল্লাহর কাছে আমার অনুরোধ, তিনি যেন আমার সকল প্রার্থনা মঞ্জুর করেন। তাঁর রহমতের পথে যেন আমাকে চালনা করেন। আমার জন্য প্রত্যেকে প্রার্থনা করবেন। আশা করি এই সফরের পরে আরো উন্নত মানুষ হয়ে ফিরতে পারব।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR